



আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর সচিব মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত ব্যাংকের বার্ষিক সাধারণ সভায় ইনোভেশনের উপর গুরুত্ব আরোপ করা হয়।



বেসিক ব্যাংক পিএলসি এর প্রধান কার্যালয়ে আয়োজিত ইনোভেশন শোকেসিং ২০২৫ অনুষ্ঠানে পুরস্কার বিতরণ।



বেসিক ব্যাংক পিএলসি এর প্রধান কার্যালয়ে আয়োজিত ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ।

ইনোভেশন শোকেসিং ২০২৫-২৬

ম্যাগপাই অ্যাপ এর মাধ্যমে ঘরে বসে 'সর্বজনীন পেনশন স্কিম' এর কিস্তি প্রদান



Magpie App
A Digital Banking App by BASIC Bank

জাতীয় পেনশন কর্তৃপক্ষ (NPA) পরিচালিত **Universal Pension Scheme (UPS)**- এর আওতায় এখন ঘরে বসেই গ্রাহক ম্যাগপাই মোবাইল অ্যাপের মাধ্যমে **real time** এ কিস্তি পরিশোধ করতে পারবেন। API এর মাধ্যমে রিয়েল টাইম ট্রানজেকশন বিধায় জাতীয় পেনশন কর্তৃপক্ষের হিসাবে তাৎক্ষণিক কিস্তি জমা হবে এবং গ্রাহক পেমেন্ট কনফার্মেশন পাবেন।



বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

বেসিক ব্যাংক পিএলসি (বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমার্স ব্যাংক পিএলসি) ২ আগস্ট ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২১ জানুয়ারি ১৯৮৯ সালে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। দেশের ক্ষুদ্র, মাঝারি ও উদীয়মান শিল্পখাতের টেকসই উন্নয়নে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্য নিয়ে প্রতিষ্ঠিত এ ব্যাংকটি বর্তমানে শতভাগ রাষ্ট্র মালিকানাধীন একটি তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে সফলতার সাথে কার্যক্রম পরিচালনা করছে। তিন দশকেরও বেশি সময় ধরে বেসিক ব্যাংক উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান বৃদ্ধি এবং শিল্পায়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় অংশীদার হয়ে বেসিক ব্যাংক প্রতিনিয়ত উদ্ভাবনী সেবা, ডিজিটাল ব্যাংকিং সুবিধা এবং টেকসই উন্নয়নমুখী উদ্যোগের মাধ্যমে ব্যক্তি, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের স্বল্প বাস্তবায়নে সহায়তা করে যাচ্ছে।

গ্রাহক সংখ্যা :- ৩,৯৪,২৪৭ জন।

শাখার সংখ্যা :- ১০৯ টি (৩৭টি উপশাখা সহ)।

জনবল :- ১,৭৩৮ জন।

চলতি বছর ডিজিটালইজড সেবার তালিকা

- **Mobile App** এর মাধ্যমে সর্বজনীন পেনশন স্কিমের চাঁদা প্রদানের সুবিধা।
- **Bangla QR** ব্যবস্থা চালু করা।
- **Mobile App** এর মাধ্যমে **Utility Bill** সংগ্রহের ব্যবস্থা চালু করা।

এ পর্যন্ত ডিজিটালইজড সেবার তালিকা

- Core Banking Solution (CBS)
- Document Management System (DMS)
- Magpie Mobile App – ডিজিটাল ব্যাংকিং অ্যাপ্লিকেশন
- eKYC – ডিজিটাল অ্যাকাউন্ট ওপেনিং সেবা
- Issue/Incident Management System
- Personnel Information Management System
- REMIT365 – Remittance Management System
- NPL Management System
- AI ভিত্তিক Chatbot

(8802) 223388190, 223384830, 223359589-90

basicho@basicbankplc.com

www.basicbankplc.com



আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ম্যাগপাই অ্যাপ এর মাধ্যমে ঘরে বসে 'সর্বজনীন পেনশন স্কিম' এর কিস্তি প্রদান

সেবা সহজীকরণের উদ্দেশ্য


- বিরামহীন (২৪/৭) সেবা নিশ্চিতকরণ।
- সুবিধাজনক সময়ে পেমেন্ট ও রিয়েল টাইম আপডেট।
- তাৎক্ষণিক প্রাপ্তি স্বীকার।
- শাখাভিত্তিক ভিড় হ্রাস।
- সময় ও যাতায়াত ব্যয় সাশ্রয় এবং রাস্তার বিড়ম্বনা লাঘব।
- নিরাপদ ও নির্ভরযোগ্য ডিজিটাল লেনদেন।
- নির্ভুল ডাটা ম্যানেজমেন্ট।
- অপারেশনাল সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি।
- ডিজিটাল ব্যাংকিং ব্যবহারে উৎসাহ প্রদান।
- স্মার্ট গভর্নেন্স ও ক্যাশলেস ইকোসিস্টেম গঠন।
- গ্রিন ব্যাংকিং বাস্তবায়ন।
- আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি।
- হয়রানি বিহীন সেবা।

ডিজিটলাইজড করার পর সেবা প্রদানের পদ্ধতি

- গ্রাহক Magpie মোবাইল অ্যাপে লগইন করে “Universal Pension Scheme” সেবা নির্বাচন করবেন।
- নিবন্ধিত Pension ID, জাতীয় পরিচয়পত্র নম্বর অথবা প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।
- সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের স্কিমের ধরন, কিস্তির পরিমাণ এবং বকেয়া তথ্য প্রদর্শন করবে।
- গ্রাহক কিস্তির পরিমাণ যাচাই করে পেমেন্ট নির্দেশনা প্রদান করবেন।
- সংযুক্ত ব্যাংক হিসাব, ক্রেডিট কার্ড-এর মাধ্যমে অর্থ পরিশোধ করা যাবে।
- PIN/OTP/ Biometric Verification-এর মাধ্যমে লেনদেন নিশ্চিত করা হবে।
- পেমেন্ট সফল হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট UPS হিসাবে তথ্য স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদ হবে।
- গ্রাহক তাৎক্ষণিকভাবে ডিজিটাল রশিদ, Transaction ID এবং Confirmation Notification পাবেন।
- ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী গ্রাহক অ্যাপ থেকেই পূর্ববর্তী ট্রানজেকশন হিস্টোরি ও পেমেন্ট স্ট্যাটাস দেখতে পারবেন।

ইনোভেশন শোকেসিং ২০২৫-২৬

সহজীকরণের পূর্বে সেবার ফ্লোচার্ট



মোট ধাপ- ৮টি
সময়- ২ ঘণ্টা
মোট জনবল- ৪ জন

পূর্বের পদ্ধতি নগদ পেমেন্ট -TCV


সময় (T)	২ ঘণ্টা
খরচ (C)	২০০ টাকা
যাতায়াত (V)	১ বার
জনবল (HR)	৪ জন
দাখিলীয় কাগজপত্র	২ টি



বেসিক ব্যাংক সিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে
শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

সহজীকরণের পর সেবার ফ্লোচার্ট



মোট ধাপ- ৪টি
সময়- ৩ মিনিট
মোট জনবল- ০ জন

সহজীকরণের পর -TCV

সময় (T)	৩ মিনিট
খরচ (C)	৫ টাকা
যাতায়াত (V)	শূন্য
জনবল (HR)	শূন্য
দাখিলীয় কাগজপত্র	শূন্য